

নতুন খবর ডৈনিক

আমাদেরশোময়

মহাকাশে বাংলাদেশ

প্রকাশ | ০৬ জুন ২০১৭, ০০:০০ | আপডেট: ০৬ জুন ২০১৭, ০০:৩২



নিজস্ব প্রতিবেদক



৪ জুন মধ্যরাত, লেখা হলো একটা ইতিহাস। যে ইতিহাসে ঠাই করে নিল বাংলাদেশ। দেশের প্রথম ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষণ' পাড়ি জমায় মহাকাশে। আর এর মধ্য দিয়েই শুরু হলো নবদিগন্তের। বাংলাদেশ সময় রোববার সাড়ে ৩টার দিকে মহাকাশযান নির্মাতা প্রতিষ্ঠান স্পেসএক্স আর মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার সিআরএস-১১ অভিযানে স্পেসএক্সের ফ্যালকন-৯ রকেটে করে ন্যানো স্যাটেলাইটটি পাঠানো হয়েছে।

উৎক্ষেপণের ঠিক আগ মুহূর্তে নাসার এক বিবৃতিতে বলা হয়, ফ্লোরিডায় আমাদের কেনেডি স্পেস সেন্টার থেকে যুক্তরাষ্ট্রের পূর্ব উপকূলীয় স্থানীয় সময় বিকাল ৫টা ৭ মিনিটে ফ্যালকন-৯ রকেট উৎক্ষেপণ করা হবে। গত ২ জুন বাংলাদেশ সময় মধ্যরাত ৩টা ৫৫ মিনিটে স্যাটেলাইটটি উৎক্ষেপণের কথা থাকলেও খারাপ আবহাওয়ার কারণে তা সম্ভব হয়নি। অবশেষে একদিন পর সেটি সফলভাবে পৌঁছে মহাকাশে।

জাপান থেকে স্যাটেলাইটটির নির্মাতা ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থী রায়হানা শামস ইসলাম অন্তরা, আবদুল্লা হিল কাফি ও মাইসুন ইবনে মানোয়ার সরাসরি উৎক্ষেপণ দেখছিলেন। তারপর তারা একটি ভিডিওবার্তায় উচ্ছ্বাস প্রকাশ করে সবার কাছে দোয়া চান। সেই ভিডিওতে তারা জানান, এটি আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে (আইএসএস) পৌঁছার পর কক্ষপথে স্থাপন করা হবে। তারপর এটি থেকে সিগন্যাল পাওয়া শুরু করলেই সম্পন্ন হবে পুরো কাজ।

ব্র্যাক অন্বেষার অন্যতম রূপকার গবেষক ড. আরিফুর রহমান খান ফেসবুক স্ট্যাটাসে লিখেছেন, মহাকাশে বাংলাদেশ। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মহাখালী ক্যাম্পাসের চার নম্বর ভবনে গ্রাউন্ড স্টেশন স্থাপন করা হয়েছে। সেখান থেকেই অন্বেষার সঙ্গে যোগাযোগ রক্ষা করা হবে।

‘ব্র্যাক অন্বেষা’র দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা ১০ সেন্টিমিটার করে। আর ওজন প্রায় এক কেজি। কৃত্রিম এই উপগ্রহের গ্রাউন্ড কন্ট্রোল স্টেশন বা ভূমি থেকে নিয়ন্ত্রণের স্থান ঢাকায় অবস্থিত। তাই কক্ষপথে যখনই এটি পৌঁছবে, তখন থেকেই ঢাকায় বার্তা গ্রহণ শুরু হয়ে যাবে, এমনটাই জানালেন গ্রাউন্ড স্টেশনটির নির্মাতা দলের দলনেতা মোহাম্মদ সৌরভ।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি